


দৈনিক সন্ধ্যা



০৪. ০৪. ২০০২

আলোচনা সভায় বক্তারা বলেন
**অব্যাহত শিক্ষাচর্চার
অভাবে দারিদ্র্যবিমোচনে
সহায়ক হচ্ছে না**

নিজস্ব বার্তা পরিবেশক : আন্তর্জাতিক
সাক্ষরতা দিবস উপলক্ষে ঢাকা আহছানিয়া
মিশন আয়োজিত 'দারিদ্র্যবিমোচনে
অব্যাহত শিক্ষা' শীর্ষক আলোচনা সভায়
বক্তারা বলেছেন, 'আমাদের দেশে
অধিকাংশ মানুষ শিক্ষার সুযোগ পেলেও
নিরবচ্ছিন্ন শিক্ষা চর্চার সুযোগ পায় না।
ফলে তাদের শিক্ষা দারিদ্র্যবিমোচনে
সহায়কও হচ্ছে না। অব্যাহত শিক্ষা চালু
রাখার মধ্য দিয়েই দারিদ্র্যবিমোচন কর্মসূচি
এগিয়ে নেয়া সম্ভব।'

শনিবার বিকেলে মিশন মিলনায়তনে
মিশনের নির্বাহী পরিচালক কাজী রফিকুল
আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত এ আলোচনা
সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক
উপাচার্য অধ্যাপক কাজী সালেহ আহমেদ।
আলোচনায় অংশ নেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের
অর্থনীতি বিভাগের অধ্যাপক নাজমা বেগম,
সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের
অধ্যাপক আবদুল হাকিম, মিশনের গবেষণা
ও পরিবীক্ষণ বিভাগের পরিচালক ড.
আহমদুল্লাহ মিয়া, কর্মসূচি বিভাগের
পরিচালক এম এহছানুর রহমান প্রমুখ।

মূল প্রবন্ধে ঢাকা আহছানিয়া মিশন
পরিচালিত 'গণকেন্দ্রগুলো'র ওপর
পরিচালিত গবেষণা ফলাফল তুলে ধরা
হয়। এতে গণকেন্দ্রের নিরবচ্ছিন্ন শিক্ষাচর্চা
এবং দারিদ্র্যবিমোচনে বৃত্তিমূলক শিক্ষার
প্রশংসা করা হয়।

আলোচনা অনুষ্ঠানশেষে ২০০০ ও
২০০১ সালে ভূগমূল পর্যায়ে শিক্ষা ও
সমাজ উন্নয়নে অবদানের জন্য মোট ৫টি
গণকেন্দ্রকে পুরস্কৃত করা হয়। এগুলো
হচ্ছে ঝিনাইদহের 'মাধুকরী', যশোরের
'গোলাপ', ঝিনাইদহের 'শৌধুলি', রায়পুরার
'মিজাপী' এবং যশোর চৌগাছার 'আলোর
পর্বে' গণকেন্দ্র।